সমকাল

তারিখ 30 JAN 2014
পৃষ্ঠা ২ কলাম ৭



# মানসম্মত শিক্ষাবঞ্চিত ২৫ কোটি শিশু

■ সমকাল ডেস্ক

প্রতি বছর বিশ্বের সব দেশের সরকার শিক্ষা খাতে ১২৯ বিলিয়ন ডলার ব্যয় করলেও মোট ১০০ কোটি শিশুর মধ্যে প্রায় ২৫ কোটি মানসম্মত শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। বার্ষিক এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা ইউনেস্কো। সংস্থাটি বিশ্বব্যাপী শিশুদের শিক্ষার গুণগতমান নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। খবর এএফপি ও আলজাজিরা অনলাইনের।

## UNESCO ইউনেস্কোর উদ্বেগ

প্রতিবেদনে বলা হয়, প্রতি বছর বিশ্বের সরকারগুলো শিক্ষা খাতে ১২৯ বিলিয়ন ডলার ব্যয় করছে। এর মধ্যে ১০ শতাংশ ব্যয় করা হয় প্রাথমিক শিক্ষায়। কিন্তু নিম্নমানের প্রাথমিক শিক্ষার কারণে এটা শিশুদের কাজে আসছে না। 'শিক্ষণ ও শেখা : সবার জন্য গুণগতমান অর্জন' শিরোনামে বুধবার ইউনেস্কো এ প্রতিবেদন প্রকাশ করেছে। এতে বলা হয়, গরিব দেশগুলোর প্রতি চার শিশুর মধ্যে একজন পড়তে পারে না। এমনকি তাদের গণিত সম্পর্কিত কোনো জ্ঞানও নেই। সাব-সাহারা অঞ্চলে এ সংখ্যা ৪০ শতাংশ। এ জন্য ২০১৫ সালের মধ্যে ৫২ লাখ শিক্ষক নিয়োগ করা প্রয়োজন। এসব দেশে কয়েক প্রজন্ম থেকে প্রশিক্ষিত শিক্ষকের অভাব রয়েছে।

সংস্থাটি বলছে, দক্ষিণ ও পশ্চিম এশিয়ার দেশগুলোর প্রায় পাঁচ কোটি ৭০ লাখ শিশু এখনও প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত। ইউনেস্কো আশঙ্কা প্রকাশ করে বলেছে, বর্তমান অবস্থা চলতে থাকলে উন্নয়নশীল দেশগুলোতে নারীদের শিক্ষিত হতে ২০৭২ সাল পর্যন্ত সময় লাগবে। ২০১৫ সালে সহস্রাব্দ লক্ষ্যমাত্রা শেষ হওয়ার এক বছর আগেই এ প্রতিবেদন প্রকাশ করা হলো। এতে বলা হয়, তৃতীয় বিশ্বের দেশগুলোতে তিন-চতুর্থাংশের কম প্রাথমিক শিক্ষক প্রশিক্ষিত। আফ্রিকার বাইরে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সবচেয়ে খারাপ অবস্থা পাকিস্তানে। সেখানে অর্ধেকেরও কম শিশু মৌলিক শিক্ষা ও গণিত শাস্ত্রে দক্ষতা অর্জন করতে পারে। ইউনেস্কোর পরিচালক ইরিনা বোকোভা বলেন, ২০১৫ সালের মধ্যে আমাদের ৫ দশমিক ২ মিলিয়ন শিক্ষক নিয়োগ দিতে হবে। সার্বজনীন অধিকার, স্বাধীন ও গুণগত শিক্ষার জন্য শিক্ষকদের আরও সহায়তা দিতে হবে।